বানী ইস্রাঈল তখনই ধ্বংস হয়েছিল, যখন তাদের মহিলারা এই জিনিস ব্যবহার করতে আর‎ম্ভ করেছিল।

হুমাইদ ইবনে আব্দুর রাহমান থেকে বর্ণিত, তিনি হজ্জ করার বছরে মুআবিয়া রাদিয়াল্লাহু ‘আনহু-কে মিম্বরে দাঁড়িয়ে বলতে শুনেছেন—ঐ সময়ে তিনি জনৈক দেহরক্ষীর হাত থেকে এক
গোছা চুল নিজ হাতে নিয়ে বললেন, ‘হে মদীনাবাসীগণ! তোমাদের আলেমগণ কোথায়? আমি রাসূলল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-কে এরূপ জিনিস (ব্যবহার) নিষেধ করতে শুনেছি। তিনি বলতেন, “বানী ইস্রাঈল তখনই ধ্বংস হয়েছিল, যখন তাদের মহিলারা এই জিনিস ব্যবহার করতে আর‎ম্ভ করেছিল।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হুমাইদ ইবনে আব্দুর রাহমান ইবন আওফ রাদিয়াল্লাহু ‘আনহু সংবাদ দেন যে, তিনি হজ্জ করার বছরে মুআবিয়া রাদিয়াল্লাহু ‘আনহু-কে মিম্বরে দাঁড়িয়ে বলতে শুনেছেন—ঐ সময়ে তার হাতে ছিল এক গোছা চুল। আর তা ছিল এমন চুল যার কতক কতকের সাথে জোড়া লাগানো। যা তার কোন খাদেম থেকে তিনি নিয়েছেন যে তার দেহ রক্ষার খেদমতে নিয়োজিত ছিল। তারপর তিনি বললেন, ‘হে মদীনাবাসীগণ! তোমাদের আলেমগণ কোথায়? এ অন্যায় কর্ম নিষেধ করা ছেড়ে দেওয়া এবং তা পরিবর্তনে তাদের অবহেলা প্রদর্শনের কারণে তিনি তাদের প্রতি বিরক্ত হয়ে কথা বলেন। তারপর তিনি তাদের জানান যে, রাসূলল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তাকে জানিয়েছেন যে, “বানী ইস্রাঈল তখনই ধ্বংস হয়েছিল, যখন তাদের মহিলারা এই জিনিস ব্যবহার করতে আর‎ম্ভ করেছিল এবং তা তাদের চুলের সাথে জোড়া লাগাতে শুরু করে। এ অন্যায়সহ আরও অন্যায় কর্ম যা তাদেরকে করতে নিষেধ করা হয়েছিল তা করার পর তাদের স্বীকৃতি থাকার কারণে তারা সবাই একত্রে ধ্বংস হয়েছে। নববীর শরহু মুসলিম (১৪/১০৮), ফাতহুল বারী (৬/৫১৬)

http://sunnah.global/hadeeth/bn/show/8915